

# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ০৭ জানুয়ারি, ২০১৪  
সময় : বেলা ১২-৩০ টা  
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।  
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদায়ী সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম কর্তৃক নবাগত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি-কে ক্যান্টনমেন্ট বোর্ডে স্বাগত জানানো হয় এবং বোর্ডের বিভিন্ন কর্মকাণ্ডের বিস্তারিত তুলে ধরা হয়। সভাপতি কর্তৃক সিরাজ-খালেদা মমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল সংলগ্ন পুরাতন ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবন আধুনিকায়ন ও দু'টি ভবনের মধ্যে যাতায়াতের জন্য রাস্তার উপর দিয়ে নির্মাণাধীন ব্রিজের বিষয়ে বিবরণ প্রদান করা হয়। অতঃপর রজনীগন্ধা সুপার মার্কেট ও তৎসংলগ্ন এলাকায় সুশৃঙ্খল রিকশা চলাচল পরিকল্পনার উপর ১৩ এমপি ইউনিট কর্তৃক একটি প্রেজেন্টেশন প্রদান করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ঃ গত ০৩ ডিসেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।  
গৃহীত সিদ্ধান্ত : গত ০৩ ডিসেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।  
গৃহীত সিদ্ধান্ত : নভেম্বর ও ডিসেম্বর, ২০১৩ মাসে গৃহকর বাবদ ৩,৫০,৪৯,২০৯.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৬,৮৪,৭২৬.০০ আদায় হয়েছে। ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপঞ্জীভূত আদায় ৪,৯১,৭০,৮৬২.০০ টাকা যা মোট দাবীর ৭২.৮৫%। আদায়ের হার সন্তোষজনক।


আলোচ্যসূচী-৩ঃ নভেম্বর, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।  
গৃহীত সিদ্ধান্ত : নভেম্বর, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ডিসেম্বর, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।  
গৃহীত সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।


এছাড়াও উক্ত সভার জন্য নির্ধারিত অন্যান্য আলোচ্যসূচী জানুয়ারি, ২০১৪ মাসের কোন এক সময়ে সভা আহ্বানের মাধ্যমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এ পর্যায়ে বোর্ডের পক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্নেল (অবঃ) মোঃ শহীদুল হক এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদের পক্ষে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জনাব মোঃ রেজাউল ইসলাম বিদায়ী সভাপতিকে তাঁর গতিশীল নেতৃত্ব ও দিক নির্দেশনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নতুন সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি-কে ক্যান্টনমেন্ট বোর্ডে স্বাগত জানান। বিদায়ী সভাপতি তাঁকে সর্বাঙ্গিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ রেজাউল ইসলাম)  
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
ঢাকা ক্যান্টনমেন্ট।

  
(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও  
স্টেশন কমান্ডার  
ঢাকা সেনানিবাস।